

26 ফেব্রুয়ারি, 2020

প্রিয় পরিবারবর্গ,

এই সপ্তাহে, সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (রোগ নিয়ন্ত্রণ এবং প্রতিরোধ কেন্দ্র) যদি করোনা-ভাইরাস যুক্তরাষ্ট্রে স্থানীয় পর্যায়ে ব্যক্তি-থেকে-ব্যক্তিতে ছড়িয়ে পড়ে তাহলে কী হতে পারে সেবিষয়ে সম্ভাব্য বিভিন্ন বিকল্প আলোচনা করেছে, এই আলোচনায় অন্তর্ভুক্ত ছিল স্কুল সিস্টেমের বিবেচনা করার জন্যে বিভিন্ন সুপারিশ।

এই মুহুর্তে, সঠিক তথ্যগুলো শোনা এবং আতংকগ্রস্ত না হওয়া খুবই জরুরি। বর্তমানে নিউ ইয়র্ক সিটিতে নিশ্চিত করা নভেল করোনা-ভাইরাসের এখনও কোনও ঘটনা ঘটেনি এবং নিউ ইয়র্কবাসীদের জন্যে এর ঝুঁকি নিম্ন পর্যায়ে রয়েছে।

কিন্তু, অন্যান্য দেশে এই ভাইরাসের সংক্রমণ আমাদের উদ্বেগের পরিমাণ বাড়িয়ে দিয়েছে, এবং আমরা নিউ ইয়র্ক সিটিতে ব্যক্তি-থেকে-ব্যক্তিতে সংক্রমণের সম্ভাবনার জন্যে প্রস্তুতি গ্রহণ করছি। যদি ব্যক্তি-থেকে-ব্যক্তিতে সংক্রমণ শুরু হয় তাহলে কী পদক্ষেপ নেয়া হবে তা নির্ভর করবে আমাদের সিটিতে আক্রান্ত মানুষের সংখ্যা এবং তাদের অসুস্থতার সাধারণ তীব্রতার উপর। NYC হেলথ ডিপার্টমেন্ট (স্বাস্থ্য দপ্তর) সতর্কতার সাথে সকল সম্ভাব্য পরিস্থিতির জন্যে প্রস্তুতি গ্রহণ করছে, এবং আমরা অব্যাহতভাবে পর্যবেক্ষণ করে যাব ও আমাদের স্কুল কমিউনিটিগুলোতে যেকোন সম্ভাব্য প্রভাব অবহিত করবো।

এই মুহুর্তে স্কুল বন্ধ করার কোনও পরিকল্পনা নেই। এটি একটি চরম পদক্ষেপ যা দৈনন্দিন জীবনের জন্যে বিঘ্নসৃষ্টিকারী হতে পারে, এবং এধরণের সিদ্ধান্ত বাস্তবায়ন করা হবে গণস্বাস্থ্য (পাবলিক হেলথ) বিশেষজ্ঞদের নির্দেশনা অনুযায়ী।

সকল নিউ ইয়র্কবাসীর ক্ষু প্রতিরোধের সাধারণ পদক্ষেপগুলো গ্রহণ করা অব্যাহত রাখা উচিত, এতে অন্তর্ভুক্ত:

- আপনার কাশি বা হাঁচি একটি টিস্যু অথবা জামার হাতা দিয়ে ঢাকুন
- আপনার হাত নিয়মিত ধুয়ে ফেলুন
- আপনার মুখমন্ডল স্পর্শ করা থেকে বিরত থাকুন
- যারা অসুস্থ তাদের কাছাকাছি সংস্পর্শ থেকে বিরত থাকুন
- আপনার ফ্লু শট নিন – দেরি বলতে কিছুই নেই
- আপনি অসুস্থ অনুভূত হলে বাড়িতে থাকুন। আপনার ডাক্তারকে ফোন করুন এবং তাঁকে আপনার অসুস্থতার লক্ষণগুলো এবং ভ্রমণ ইতিহাস উল্লেখ করুন।

আরো তথ্যের জন্যে, অনুগ্রহ করে এই চিঠির সাথে সংযুক্ত [বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলীর পৃষ্ঠাটি](#) পড়ুন (শুধু ইংরেজিতে), অথবা গুরুত্বপূর্ণ সর্বশেষ তথ্যের জন্যে nyc.gov/health ভিজিট করুন।

কোরোনা-ভাইরাস সংক্রান্ত আমাদের অব্যাহত প্রচেষ্টা সম্পর্কে, আমাদের স্কুল কমিউনিটিগুলোকে আমরা সুস্পষ্টভাবে অবহিত করা অব্যাহত রাখবো।

বিনীত,



ওক্সিরিস বারবট (Oxiris Barbot), MD

কমিশনার

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ

হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন